

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)  
যুউঅ.বাংলা

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.১৬.১১৫.২০১৯-৩৫০


তারিখ : ৩ জ্যৈষ্ঠ, ১৪২৬

২৯ মে, ২০১৯

বিষয় : ২০১৯ - ২০২০ অর্থবছরে জেলা ও উপজেলা কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সদাশয় সরকারের পারফরমেন্স ব্যবস্থাপনা পদ্ধতির আলোকে ২০১৯-২০২০ অর্থবছরে জেলা ও উপজেলা কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) আগামী ২০ জুন, ২০১৯ তারিখে স্বাক্ষরিত হবে। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের সাথে জেলা কার্যালয়সমূহের উপ-পরিচালকদের এবং জেলা কার্যালয়ের উপ-পরিচালকের সাথে উপজেলা কার্যালয়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের মাঝে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০ স্বাক্ষরের পূর্বে এটি সঠিকভাবে প্রণয়ন করতে হবে। ইতোপূর্বে ১৭ এপ্রিল ২০১৯ তারিখে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ২০১৮-২০১৯ অর্থবছরের APA চুক্তির আওতায় তৃতীয় ত্রৈমাসিক মূল্যায়ন সভায় ২০১৯-২০২০ অর্থবছরের এপিএ চুক্তি প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা ও পরামর্শ দেয়া হয়েছে। একইসাথে উপজেলা কার্যালয়ের সাথে চুক্তি সম্পাদন করতে হবে মর্মে জেলার উপ-পরিচালকগণকে সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে ([www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)) প্রকাশিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা অনুসরণপূর্বক জেলা ও উপজেলা কার্যালয়ের চুক্তি সঠিকভাবে প্রণয়নপূর্বক প্রস্তুত রাখার অনুরোধ করা হলো। কার্যসুবিধার্থে এপিএ (২০১৯-২০২০) সংক্রান্ত একটি নির্দেশনা এসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি : ০১(এক)পাতা।

  
(আ, ন, আহম্মদ আলী)  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোন : ০২-৯৫৫০৮৬৩

০১। উপ-পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।

০২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা(সকল), -----জেলা।

অনুলিপি :

০১। পরিচালক/প্রকল্প পরিচালক, -----(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সহকারী পরিচালক(আইসিটি শাখা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। অফিস কপি।

F/APA/16-77

**APA (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০২০) সংক্রান্ত :**

১.ক) ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভূক্ত জেলাসমূহের জন্য কার্যক্রম অনুযায়ী মানবন্টন :

নং	কার্যক্রম	কার্যক্রমের সূচকের মান
১.১	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির অধীনে শিক্ষিত বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি	১৫
১.২	যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা	২৬
১.৩	সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	০৭
১.৪	প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান	১৮
১.৫	জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	০৮
১.৬	যুবসংগঠকদের সমন্বয়ে জনসচেতনতামূলক অনুষ্ঠান	০৬
	মোট=	৮০

খ) ন্যাশনাল সার্ভিস কার্যক্রম চালু হয়নি অথবা চালু হলেও বর্তমানে সম্পূর্ণরূপে সমাপ্ত বা বর্তমানে নেই এরূপ জেলাসমূহের জন্য কার্যক্রম অনুযায়ী মানবন্টন :

নং	কার্যক্রম	কার্যক্রমের সূচকের মান
১.১	যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা	৩৫
১.২	সফল যুব সংগঠনকে আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	০৮
১.৩	প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান	২০
১.৪	জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে মনোনয়ন প্রস্তাব প্রেরণ	১০
১.৫	যুবসংগঠকদের সমন্বয়ে জনসচেতনতামূলক অনুষ্ঠান	০৭
	মোট=	৮০

গ) চুক্তির মোট ১০০ নম্বরের মধ্যে অবশিষ্ট ২০ নম্বর (কার্যক্রমের সূচকের মান) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত।

২. প্রশিক্ষণ, ঋণ ও ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সঠিক লক্ষ্যমাত্রা ও অন্যান্য বিষয়ে তথ্য জানার জন্য সংশ্লিষ্ট শাখায় কার্যকর যোগাযোগ করতে হবে। অবশিষ্ট কার্যক্রমের জন্য বাস্তবায়ন, মনিটরিং ও যুবসংগঠন শাখায় যোগাযোগ করতে হবে।

৩. ক) জনসচেতনতামূলক অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা : (০১) প্রতি জেলার জন্য ০৩টি।  
(০২) জেলাধীন প্রতিটি উপজেলা/ইউনিট থানার জন্য ০২টি।

খ) আর্থিক অনুদানের প্রস্তাব প্রেরণের লক্ষ্যমাত্রা ও জাতীয় যুব পুরস্কার প্রদানের প্রস্তাব প্রেরণের লক্ষ্যমাত্রা স্ব স্ব নীতিমালা অনুযায়ী প্রযোজ্য হবে।

৪. মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) প্রকাশ করা হয়েছে। এ নির্দেশিকায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত সময়সূচি (APA Calendar) অন্তর্ভুক্ত রয়েছে। ইতোপূর্বে এ বিষয়ে ত্রৈমাসিক মূল্যায়ন সভায় নির্দেশনাও দেয়া হয়েছে।

৫. অধিনস্ত উপজেলা কার্যালয়সমূহের সাথে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন করতে হবে। এ ক্ষেত্রে মহাপরিচালকের কার্যালয়ের সাথে জেলা কার্যালয়ের চুক্তির বিষয়গুলো জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের মাঝে চুক্তির বিষয় হিসেবে অন্তর্ভুক্ত হবে।

**বিঃদ্রঃ** চুক্তি সম্পাদনের তারিখ : ২০ জুন, ২০১৯। এ হিসেবে চুক্তিটি সম্পূর্ণ প্রস্তুত রাখতে হবে। তার পূর্বে খসড়া চুক্তি স্ব-স্ব উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে সংযোজন/সুপারিশ/বিরয়োজনপূর্বক (যদি থাকে) অনুমোদন নিতে হবে।

